



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
গাজীপুর

স্মারক নং : ((৫৫৫) জাতীয় বিঃ/পরীঃ/প্রফেঃ/ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (এমএসপিএম)/২০২২/১১৩১৭

তারিখ : ২৮/১০/২০২৪

## বিজ্ঞপ্তি

**২০২২ সালের মাস্টার্স অব ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (এমএসপিএম) ২য় সেমিস্টার পরীক্ষার  
উত্তরপত্র পুনঃমূল্যায়নের আবেদন:**


সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের মাস্টার্স অব ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (এমএসপিএম) ২য় সেমিস্টার পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের জন্য ২৯/১০/২০২৪ থেকে ০৫/১১/২০২৪ তারিখ পর্যন্ত On-line-এ আবেদন করা এবং ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট 103.113.200.36/PAMS/ICTUnit /Re-scruiting.aspx থেকে On-line-এ আবেদন Form পূরণ ও Pay Slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যেকোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট, নগদ, টেপ অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন AMERICAN EXPRESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব নম্বর থেকে Online-এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে। আবেদনের কপি বা পে-স্লিপের কপি বিশ্ববিদ্যালয়ে প্রেরণের প্রয়োজন নেই।

উল্লেখ্য উত্তরপত্র পুনঃমূল্যায়নের ফি প্রতি পত্র ১২০০/- (এক হাজার দুইশত) টাকা।

বি.দ্র.: জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোনো তথ্যের জন্য <https://www.nu.ac.bd/> ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ এন্সামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭